বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

স্মারক নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০৩৬.২৫-১৬৩

তারিখ: ২২.১১.২০২৬

বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ব্রুনাই-এ পুরুষ কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত কোম্পানিতে বর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগের লক্ষ্যে আগ্রহীদের অনলাইনে আবেদন গ্রহণ করা হবে:

ক্র. নং	কোম্পানির নাম	পদের নাম	সংখ্যা	বেতন/মজুরি (ব্রুনাই ডলার)	বয়স	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	N.M.S Mosharaf Sdn Bhd	Painter (রং মিস্ত্রী)	০১	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক/ মাধ্যমিক	বর্ণিত পদে প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
		Mason (রাজ মিস্ত্রী)	০৩	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
		Construction Labour (নির্মাণ শ্রমিক)	০৬	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
২.	H.I Contractor Sdn Bhd	General Worker (সাধারণ শ্রমিক)	০৩	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
		Technician (টেকনিশিয়ান)	০২	দৈনিক ২৩ ডলার	২০-৪৫ বছর	মাধ্যমিক	
		Electrician (ইলেকট্রিশিয়ান)	০২	দৈনিক ২২ ডলার	২০-৪৫ বছর	মাধ্যমিক	
৩.	Kafa Jaya Construction	Buruh Binaan (নির্মাণ শ্রমিক)	০৩	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
৪.	MCDC Sdn Bhd	Pekerja Binaan (খামার শ্রমিক)	০৫	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	মাধ্যমিক	
৫.	Hungjee Contractor	General Labourer (সাধারণ শ্রমিক)	০২	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
৬.	K-Motors Sdn Bhd	Automative Mechanic (যানবাহন মেকানিক)	০২	মাসিক ৬৫০ ডলার	২৫-৪০ বছর	প্রাথমিক	
৭.	Daikyo Environment Recycling Sdn Bhd	General Labourer (সাধারণ শ্রমিক)	০২	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
৮.	Bru Spark Technology	General Labourer (সাধারণ শ্রমিক)	০৪	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
৯.	Syarikat Kita Bersatu	General Worker (সাধারণ শ্রমিক)	১৯	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Pekerja Binaan (নির্মাণ শ্রমিক)	১৯	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
১০	HDR Sdn Bhd	General Labourer (সাধারণ শ্রমিক)	৫০	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Plaster (প্লাস্টার মিস্ত্রী)	০৫	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Plumber (প্লাম্বার)	০৫	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
১১	Suzana Guru Contractor	Buruh (শ্রমিক)	৩৫	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Helper (সাহায্যকারী শ্রমিক)	০৫	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Mason (রাজমিস্ত্রী)	১০	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
১২	Celina Enterprise	Barber (নাপিত)	০৩	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
১৩	C-Tech Sdn Bhd	Construction Worker (নির্মাণ শ্রমিক)	০৬	দৈনিক ২০ ডলার	২০-৩৫ বছর	মাধ্যমিক	
১৪	Kontrektor Jusmarliana & Keluarga	Foreman (ফোরম্যান)	০২	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Buruh Binaan (নির্মাণ শ্রমিক)	৬০	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Mason (রাজ মিস্ত্রী)	১০	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Carpenter (কাঠ মিস্ত্রী)	১০	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Painter (রং মিস্ত্রী)	০৪	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
		Plumber (প্লাম্বার)	০৪	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	---	
১৫	Damuda Construction	Cement Worker (নির্মাণ কাজের শ্রমিক)	২৫	দৈনিক ২০ ডলার	২১-৩৮ বছর	মাধ্যমিক	
১৬	Syarikat Siti Binti Mohd Tahir & Anak-Anak	Foreman (ফোরম্যান)	০১	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
		Mason (রাজ মিস্ত্রী)	০২	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
		Painter (রং মিস্ত্রি)	০২	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
		Tile Mason (টাইল মিস্ত্রী)	০৭	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
		Construction Worker (নির্মাণ কর্মী)	০৮	দৈনিক ২০ ডলার	২০-৪৫ বছর	প্রাথমিক	
১৭	Roman Sdn Bhd	General Labourer (সাধারণ শ্রমিক)	১০	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	উচ্চ মাধ্যমিক	
১৮	W.H Jaya Enterprise	General Labourer (সাধারণ শ্রমিক)	০৫	দৈনিক ২০ ডলার	২০-৪০ বছর	মাধ্যমিক	
		Machine Operator (মেশিন অপারেটর)	০২	দৈনিক ২০ ডলার	২০-৪০ বছর	মাধ্যমিক	
১৯	Nihal Sdn Bhd	General Labourer (সাধারণ শ্রমিক)	২০	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	প্রাথমিক	
		Carpenter (কার্পেন্টার)	০৩	দৈনিক ২০ ডলার	২০-৫০ বছর	প্রাথমিক	
		Driver (ড্রাইভার)	০৩	মাসিক ৬৫০ ডলার	২০-৫০ বছর	প্রাথমিক	
মোট			৩৭০ জন				

নির্ধারিত অনলাইন আবেদন লিংক: https://www.oep.gov.bd/job-circulars

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৪৮৩১৯১২৫ (পিএবিএক্স)
মোবাইল : +৮৮-০১৭৬৫৪১১৬৫৩
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।

চাকরির শর্তাবলী:

- শ্রম চুক্তি: ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- আবাসনের ব্যয় কোম্পানি বহন করবে;
- খাবারের ব্যয় কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে;
- ওভারটাইম, মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ-সুবিধাদি ব্রুনাই-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

অন্যান্য শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর নির্ধারিত অনলাইন আবেদন লিংক **https://www.oep.gov.bd/job-circulars এ আগামী ২৩/১১/২০২৬ তারিখ সোমবার সকাল ১০:০০ টা থেকে ২৭/১১/২০২৬ তারিখ শুক্রবার বিকাল ০৪:০০ টার** মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত সময়ের পর আবেদন লিংক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে;
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ (একশত) টাকা+সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে (অফেরতযোগ্য);
- প্রাপ্ত আবেদন প্রয়োজনীয় যাচাই-বাছাইয়ের জন্য সংশ্লিষ্ট কোম্পানিতে পাঠানো হবে। নিয়োগকর্তা কর্তৃক যাচাই-বাছাই শেষে প্রস্তুতকৃত শর্ট লিস্ট হতে নিয়োগকর্তার নির্ধারিত সময়সূচি মোতাবেক চূড়ান্ত ইন্টারভিউয়ের জন্য আবেদনকারীদেরকে BOESL লেখা পোর্টাল অথবা OEP নির্ধারিত পোর্টাল নম্বর ০১৫৫২১৪৬৪৫৬ থেকে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে;
- ইন্টারভিউর সময় প্রার্থীর মূল পাসপোর্ট, ইংরেজিতে জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদসহ অন্যান্য প্রমাণাদি সঙ্গে আনতে হবে;
- অনলাইনে আবেদন, চাকরির ইন্টারভিউ এবং চূড়ান্ত নির্বাচন কোনো প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না। নিয়োগকর্তা উক্ত নির্বাচন প্রক্রিয়ায় যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- ইংরেজি ও মালয় (মালয়েশিয়া) ভাষা জানা প্রার্থীদের ক্ষেত্র বিশেষে নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার প্রদান করা হয়।

সার্ভিস চার্জ: নিয়োগকর্তা কর্তৃক চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের মধ্য হতে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ, ভ্যাট, এআইটি, বীমা, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি ও আনুষাঙ্গিক ব্যয় বাবদ দক্ষ কর্মীর ক্ষেত্রে ৫৮,৩৫০/- (আটান্ন হাজার তিনশত পঞ্চাশ) এবং আধা-দক্ষ/অদক্ষ কর্মীর ক্ষেত্রে ৪৬,৮৫০/- (ছিচল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার "বোয়েসেল, ঢাকা" নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখা থেকে সম্পন্ন করে বোয়েসেলে মূল কপি জমা দিতে হবে। দূতাবাস কর্তৃক নির্ধারিত ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে।

জরুরি সতর্কবার্তা (প্রতারক হতে সাবধান)

ব্রুনাই চাকরির লক্ষ্যে আবেদনকারীদের নিয়োগকর্তা কর্তৃক নির্ধারিত ইন্টারভিউ এবং নির্বাচিতদের তালিকা কেবল BOESL ওয়েবসাইট- boesl.gov.bd-এর Notice Board ও Facebook Page-এ প্রকাশ করা হয়। এছাড়াও BOESL লেখা পোর্টাল এবং OEP নির্ধারিত পোর্টাল নম্বর ০১৫৫২১৪৬৪৫৬ এর মাধ্যমে এসএমএস পাঠানো হয়। ওয়েবসাইটে প্রকাশিত তালিকায় নাম থাকা প্রার্থীদের ইন্টারভিউর জন্য নির্ধারিত তারিখ ও সময়ে BOESL-এ উপস্থিত হতে হবে।

শুধুমাত্র BOESL লেখা অথবা OEP নির্ধারিত পোর্টাল নম্বর ০১৫৫২১৪৬৪৫৬ থেকে আসা এসএমএস অনুসরণ করুন। অন্য কোনো নম্বর বা আইপি থেকে আসা এসএমএস গ্রহণ বা অনুসরণ করবেন না। চূড়ান্তভাবে নির্বাচিতদের সার্ভিস চার্জ কেবল পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হয়।

বি:দ্র: কর্মী নিয়োগ ও নির্বাচন পরীক্ষা নিয়োগকর্তা বা তার প্রতিনিধি কর্তৃক সম্পন্ন করা হয়। কর্মী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত।

বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না, বিধায় কাউকে কোনো অর্থ প্রদান করবেন না।
বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বাংলাদেশে বোয়েসেলের কোনো এজেন্ট/সাব-এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।

জরুরি প্রয়োজনে যোগাযোগ: মোবাইল: ০১৭৬৫-৪১১৬৫৩, OEP সংক্রান্ত হটলাইন: ০৯৬১৪৪৪৫২৭১

২২/১১/২৬

মোছাঃ নাজমুন নাহার
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
(সিনিয়র সহকারী সচিব)

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001 : 2015

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৪৮৩১৯১২৫ (পিএবিএক্স)
মোবাইল : +৮৮-০১৭৬৫৪১১৬৫৩
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।